



## খুলল নতুন ভাঙ্গনের শিক্ষক বাতায়ন

প্রকাশ : ০৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

নানা আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস পালিত

ইত্তেফাক রিপোর্ট

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং এটুআই-এর সার্বিক সহযোগিতায় ঢাকা বিভাগীয় (আঞ্চলিক) অ্যাসোসিয়েট শিক্ষকবৃন্দ-এর উদ্যোগে গতকাল বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও শিক্ষক বাতায়নের নতুন ভাঙ্গন উদ্বোধন করা হয়েছে। ঢাকাস্থ সরকারি টিচার্স ট্রেনিং কলেজের অডিটোরিয়ামে দিনব্যাপী অনুষ্ঠানের প্রথম পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর মহাপরিচালক প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক। আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা-এর অধ্যক্ষ প্রফেসর কানিজ সৈয়েদা বিস্তে সাবাহ। শিক্ষায় গুণগত মান অর্জন, ‘মিড-ডে মিল কর্মসূচি’ বাস্তবায়ন এবং ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি’ কার্যক্রমের অগ্রগতি বিষয়ে শিক্ষক অ্যাসোসিয়েট, প্রতিষ্ঠান প্রধান এবং অন্য শিক্ষক কর্মকর্তাদের অংশগ্রহণে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে উক্ত আলোচনা সভার উদ্যোগ নেওয়া হয়।

আলোচনা অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-এর পরিচালক (মাধ্যমিক) প্রফেসর ড. মো. আবদুল মান্নান, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-এর মহাপরিচালক সফিউদ্দিন আহমদ, ই-লার্নিং স্পেশালিস্ট প্রফেসর ফারুক আহমেদ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট-এর সিনিয়র স্পেশালিস্ট (পরীক্ষা ও মূল্যায়ন) প্রফেসর রবিউল কবির চৌধুরী প্রমুখ। নানা আয়োজনে রাজধানীসহ সারা দেশে গতকাল বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। বিভিন্ন শিক্ষক সংগঠন ও বেসরকারি সংস্থা দিবসটি উপলক্ষ্যে শোভাযাত্রা, আলোচনা সভা ও মানববন্ধনের আয়োজন করে।

**স্বাধীনতা শিক্ষক পরিষদ:** বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে গতকাল ব্যানবেইস মিলনায়তনে ‘বঙ্গবন্ধুর স্বপ্নের শিক্ষা ব্যবস্থা ও আমাদের করণীয়’ শীর্ষক আলোচনার আয়োজন করে সংগঠনটি। প্রধান অতিথির বক্তৃতায় আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ বলেন, ‘শিক্ষকরা শুধু মানুষ গড়ার কারিগর নয়, জাতি নির্মাণের অভিভাবক। তারা মেধা-জ্ঞানসম্পন্ন ও নীতি আদর্শের প্রতীক হলে জাতির ভবিষ্যৎ ভালো হতে বাধ্য।’ সংগঠনের সভাপতি প্রফেসর ড. আবদুল মান্নান চৌধুরীর সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন ব্যানবেইসের মহাপরিচালক মো. ফসিউল্লাহ, বাংলাদেশ ইউনিস্কো জাতীয় কমিশনের ডেপুটি সেক্রেটারি জেনারেল মো. মনজুর হোসেন, সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু প্রমুখ।

**বাংলাদেশ শিক্ষক সমিতি (নজরুল):** অবিলম্বে শিক্ষাব্যবস্থা জাতীয়করণসহ শিক্ষকদের ঐচ্ছিক বদলি এবং উচ্চতর গ্রেড/টাইম স্কেল দ্রুত বাস্তবায়নের দাবি জানিয়েছেন সংগঠনটির নেতারা। গতকাল জাতীয় প্রেসক্লাবে ‘বিশ্ব শিক্ষক দিবস ও শিক্ষকদের প্রত্যাশা’ শীর্ষক আলোচনা সভায় এই দাবি জানানো হয়। সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মো. নজরুল ইসলাম রনি।

**বাংলাদেশ শিক্ষক সমিতি (বিটিএ):** দিবসটি উপলক্ষ্যে গতকাল জাতীয় প্রেসক্লাবের সামনে শোভাযাত্রা ও মানববন্ধনের আয়োজন করে সংগঠনটি। সংগঠনের সভাপতি অধ্যক্ষ বজলুর রশিদ মিয়া, সাধারণ সম্পাদক কাওহার আলী শেখসহ অন্যান্য শিক্ষক নেতা বক্তব্য রাখেন।

**বাংলাদেশ শিক্ষক ইউনিয়ন:** বেসরকারি স্কুল-কলেজ জাতীয়করণে অর্থের কোনো সমস্যা না থাকলেও প্রক্রিয়াগত এবং প্রশাসনিক জটিলতার কারণেই বিষয়টি আটকে আছে বলে মনে করেন শিক্ষকরা। গতকাল রাজধানীর পাবলিক লাইব্রেরীর শওকত ওসমান মিলনায়তনে শিক্ষক দিবসের আলোচনা সভায় বক্তারা এসব কথা বলেন। সভাপতিত্ব করেন সংগঠনের নির্বাহী সভাপতি মো. আব্দুস ছালাম খান।

**বঙ্গবন্ধু প্রাথমিক শিক্ষা গবেষণা পরিষদ:** বিশ্ব শিক্ষক দিবসের আলোচনা সভায় প্রাথমিক শিক্ষকদের প্রথম শ্রেণির মর্যাদা দানের দাবি জানিয়েছেন সংগঠনটির নেতারা। গতকাল খিলগাঁও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক আলোচনা সভায় এই দাবি জানান। সংগঠনের সভাপতি মো. সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন মো. শফিকুল ইসলাম মানিক, এম. এ ছিদ্দিক মিয়া, মো. গোলাম মোস্তফা প্রমুখ।

---

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

---

|